গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারী আবাসন পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-ডিএ/এস-৭/৯২/

তারিখঃ ০৫ এপ্রিল ২০১০

## দোকান বরাদ্দ নীতিমালা

**সংজ্ঞা ঃ** গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়াধীন সরকারী আবাসন পরিদপ্তরের শেরেবাংলানগর, আজিমপুর চায়না বিল্ডিং, মতিঝিল এজিবি কলোনী, মোহাম্মদপুর ও চট্টগ্রাম মহানগরীর নিয়ন্ত্রণাধীন দোকান সমূহ প্রণীত নীতিমালা অনুসারে বরাদ্দ প্রক্রিয়া, বরাদ্দ বাতিল এবং এর ব্যবস্থাপনা পরিচালিত হবে।

**নীতিমালা প্রবর্তন ঃ**

(ক) পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৮ এর আওতায় প্রাক যোগ্যতা নির্ধারণ প্রক্রিয়া, ধারা-৬ এর আওতায় উন্মুক্ত করণ কমিটি, ধারা-৭ এর আওতায় মূল্যায়ন কমিটি কর্তৃক দোকান সমূহের বরাদ্দ ও ব্যবস্থাপনা পরিচালিত হবে।

(খ) পরিচালক, সরকারী আবাসন পরিদপ্তর এই নীতিমালা মোতাবেক চুক্তি সম্পাদন, বরাদ্দ, বাতিল ও ব্যবস্থাপনার কর্তৃপক্ষ।

(গ) এই নীতিমালার আওতায় সরকারী আবাসন পরিদপ্তর দোকান বরাদ্দ সংক্রান্ত সর্বসাধারণের সহজ প্রাপ্তি সাধ্য নিশ্চিত করবে, যাবতীয় যোগাযোগ লিখিত-বা ইলেকট্রনিক উভয় মাধ্যমে সম্পাদন করতে হবে।

(ঘ) সরকারী আবাসন পরিদপ্তরের সংশ্লিষ্ট এলাকার পরিদর্শকগণ প্রতিটি দোকানের মাসিক ভাড়া আদায়ে চালানের অনুলিপি প্রতিস্বাক্ষর পূর্বক সহকারী পরিচালক বরাবর ৩(তিন) মাস দাখিল করবেন এবং ক্যালেন্ডার বর্ষ হিসেবে সরকারী আবাসন পরিদপ্তর হতে এ মর্মে গৃহীত ভাড়ার প্রত্যয়ন পত্র বরাদ্দ প্রাপককে প্রদান করবেন।

(ঙ) এই নীতিমালার আওতায় সরকারের অন্য কোন বিধানের সাথে অসংগতিপূর্ণ কোন শর্ত অন্তর্ভূক্ত করা যাবে না।

(চ) সংবাদপত্র/ওয়েবসাইট প্রদত্ত দরপত্র আহবানের মাধ্যমে দোকান বরাদ্দের কার্যক্রম গ্রহণ করা হবে।

(ছ) দোকান সমূহের রক্ষণাবেক্ষণ ও দখল গ্রহণ/হস্তান্তর সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ কর্তৃক সম্পাদিত হবে।

(জ) নির্ধারিত পদ্ধতিতে যাবতীয় রেকর্ডপত্র সরকারী আবাসন পরিদপ্তর সংরক্ষণ করবে।

**মেয়াদ ঃ** দোকানসমূহ সর্বোচ্চ ৫(পাঁচ) বৎসরের জন্য সরকারী আবাসন পরিদপ্তরের নির্ধারিত ভাড়া/জামানত/শর্তে বরাদ্দ প্রদান করা হবে, তবে শর্ত ভংগ করা হলে কর্তৃপক্ষ যেকোন সময়ে বরাদ্দ আদেশ পুনঃ বিবেচনা/সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

**ভাড়া নির্ধারণ ঃ** গণপূর্ত বিভাগ, সরকারী আবাসন পরিদপ্তরাধীন এলাকা ভিত্তিক দোকান সমূহের প্রতি বর্গফুট হিসেবে মাসিক ভাড়ার হার নির্ধারণ করে অত্র পরিদপ্তরকে অবহিত করবেন, যার ভিত্তিতে চুক্তিমূল্য নির্ধারিত হবে। সরকারী আবাসন পরিদপ্তরের কোড নং- ১-৩২৩৭-০০০১-২১০১ এ চালানের মাধ্যমে মাসিক ভাড়া বাংলাদেশ ব্যাংকে জমা প্রদান করতে হবে।

**জামানত ঃ** দোকান বরাদ্দের ক্ষেত্রে জামানত নির্ধারিত মাসিক ভাড়ার ১(এক) বৎসরের সমপরিমান অর্থ জামানত হিসেবে গ্রহণ করা হবে। জামানতের টাকা ফেরৎযোগ্য।

**চুক্তিপত্র সম্পাদন ঃ** নিম্নোক্ত শর্ত সমূহ উল্লেখ পূর্বক বরাদ্দ প্রাপক সরকারী আবাসন কর্তৃপক্ষের সাথে ১৫০/- টাকার ষ্টাম্পে লিখিত চুক্তিপত্র সম্পাদন করবেন।

**অভিযোগ ও আপীল ঃ** প্রকাশিত বিজ্ঞাপনের শর্ত ভঙ্গ করা হলে আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করা যাবে।

(ক) দুর্নীতি/অন্যায্যভাবে চুক্তি সম্পাদন করা হয়েছে তা সংগত কারণ উল্লেখ করে প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর আপীল করা যাবে।

**শর্তসমূহ ঃ**

(ক) নিয়মিত নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করবেন। ৩(তিন) মাস ভাড়া পরিশোধে ব্যর্থ হলে কর্তৃপক্ষ বরাদ্দ আদেশ বাতিল করতে পারবেন।

(খ) বরাদ্দ প্রাপক সরকারী আবাসন পরিদপ্তরের অনুমতি ছাড়া দোকানের কোন প্রকার অবকাঠামোগত পরিবর্তন করতে পারবেন না। তবে সরকারী আবাসন পরিদপ্তর অবকাঠামোগত পরিবর্তনের প্রস্তাব বিবেচনা করা হলে দোকানের বরাদ্দ প্রাপক নিজ দায়িত্বে এর ব্যয়ভার বহন করবেন।

(গ) বরাদ্দ প্রাপক দোকানটি উপ-ভাড়া(Sub-let) প্রতিষ্ঠিত হলে কোন রকম নোটিশ ছাড়া বরাদ্দ বাতিল করে সরকারী আবাসন পরিদপ্তর নতুন বরাদ্দ প্রক্রিয়া গ্রহণ করবেন।

(ঘ) বরাদ্দ প্রাপক দোকান ব্যতিত অন্যকোন কাজে ব্যবহার করতে পারবেন না এবং সরকারের বেআইনী ঘোষিত কোন সামগ্রী বিক্রয় করতে পারবেন না।

(ঙ) সরকারী আবাসন পরিদপ্তরের নীতিমালার আওতায় ১৫(পনের) দিনের নোটিশ দিয়ে বরাদ্দ আদেশ বাতিল করতে পারবেন এবং বরাদ্দ বাতিল আদেশ প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে বরাদ্দ প্রাপক দোকানের দখলভার হস্তান্তর করতে বাধ্য থাকবেন।

(চ) দোকান সমূহের বরাদ্দ প্রাপকগণ নিজ দায়িত্বে বিদ্যুৎ, গ্যাস, পানি ও পয়ঃ প্রণালী এবং সরকারের নির্ধারিত সকল কর পরিশোধ করবেন।

(ছ) চুক্তির শর্তাবলী পরিবর্তনের ক্ষেত্রে কর্তৃপক্ষ ক্ষমতা সংরক্ষণ করেন।

(জ) বরাদ্দ প্রাপক দোকান বন্ধক রেখে কোন ব্যাংক/কর্পোরেশন/বেসরকারী প্রতিষ্ঠান হতে কোন ঋন গ্রহণ করতে পারবেন না।

জারীর তারিখ হতে এ আদেশ কার্যকর হবে এবং ইতোপূর্বে এ সংক্রান্ত সকল আদেশ বাতিল বলে গণ্য হবে।

৫/৪/১০
(শাওলী সুমন)
পরিচালক

Generated by CamScanner from intsig.com